গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শাখা: কারিগরি-১
পরিবহন পুল ভবন, ঢাকা-১০০০।
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৫১.২৮.০০১.১৯ (অংশ)- ৬৪৭

তারিখঃ ১৯ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

প্রেরকঃ রহিমা আক্তার
উপসচিব (কারিগরি-১)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

বিষয়ঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন ১১৩ টি প্রতিষ্ঠানের (৪৯টি পলিটেকনিক ইনস্টিটিউট ও ৬৪ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ) এর অনুকূলে ১২৬০৭টি পদ রাজস্ব খাতে সৃজন।

আদিষ্ট হয়ে শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন ১১৩ টি প্রতিষ্ঠানের (৪৯টি পলিটেকনিক ইনস্টিটিউট ও ৬৪ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ) এর অনুকূলে ১২৬০৭টি পদ ৩১-০৫-২০২১ তারিখ পর্যন্ত রাজস্ব খাতে (ক্যাডার পদ স্থায়ীভাবে এবং নন-ক্যাডার পদ অস্থায়ীভাবে) সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

## ক. ৪৯টি পলিটেকনিক ইনস্টিটিউট

| ক্র নং | পদের নাম | ক্যাডার পদ সংখ্যা | নন-ক্যাডার পদ সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ ও গ্রেড | শর্ত/ভিত্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | অধ্যক্ষ | - | ০১ | ৫০০০০/- -৭১২০০/- (গ্রেড-৪) | সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ পদোন্নতির মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগ/পদায়নের মাধ্যমে। পদোন্নতির ক্ষেত্রে: উপাধ্যক্ষ/ উপপরিচালক পদে ন্যূনতম ০৩(তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতাসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের পদে ন্যূনতম ১২(বার) বৎসরের চাকরির অভিজ্ঞতা। প্রেষণে নিয়োগের ক্ষেত্রে: টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ এর সহযোগী অধ্যাপক পদে ন্যূনতম ০৩(তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতাসম্পন্নদের মধ্য হতে প্রেষণে নিয়োগ/ পদায়নের মাধ্যমে। | |
| ২. | উপাধ্যক্ষ | ২০ | ২৩ | ৪৩০০০/- -৬৯৮৫০/- (গ্রেড-৫) | সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ পদোন্নতির মাধ্যমেঃ পলিটেকনিক ইনস্টিটিউটের চিফ ইনস্ট্রাক্টর (টেক)/চিফ ইনস্ট্রাক্টর (নন-টেক) পদে ন্যূনতম ০৫(পাচঁ)বৎসরের চাকরির অভিজ্ঞতা। | |
| ৩. | চিফ ইনস্ট্রাক্টর (টেক) | ১৬৯ | ৪০৭ | ৩৫৫০০/- -৬৭০১০/- (গ্রেড-৬) | সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ পদোন্নতির মাধ্যমেঃ পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। পদোন্নতির ক্ষেত্রে: পলিটেকনিক ইনস্টিটিউটের ইনস্ট্রাক্টর/ ওয়ার্কসপ সুপার অথবা কারিগরি শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট টেকনোলজির প্রজেক্ট অফিসার/ ইকুইপমেন্ট অফিসার/ সেকশন অফিসার পদে ন্যূনতম ০৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: | ২০২০-২১ অর্থ বছরে ২৭৬টি পদ ও ২০২১-২২ অর্থ বছরে ৩০০টি পদ সৃজিত হবে। |

| ক্র নং | পদের নাম | ক্যাডার পদ সংখ্যা | নন-ক্যাডার পদ সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ ও গ্রেড | শর্ত/ভিত্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং/ টেকনিক্যাল এডুকেশন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট বিষয় বা টেকনোলজিতে ন্যূনতম ০৫(পাঁচ) বৎসরের পেশাগত অভিজ্ঞতা যার মধ্যে পলিটেকনিক ইনস্টিটিউট বা সমমানের প্রতিষ্ঠানের লেকচারার বা ইনস্ট্রাক্টর বা ওয়ার্কশপ সুপার পদে ন্যূনতম ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। | |
| ৪. | চিফ ইনস্ট্রাক্টর (নন-টেক) | ৫৭ | ২৯ | ৩৫৫০০/- -৬৭০১০/- (গ্রেড-৬) | সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ<br>পদোন্নতির মাধ্যমেঃ পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>পদোন্নতির ক্ষেত্রে: পলিটেকনিক ইনস্টিটিউট বা সমমানের প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়ের ইনস্ট্রাক্টর (নন-টেক)/ সেকশন অফিসার পদে ন্যূনতম ০৫(পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/ শ্রেণি বা সমমানের জিপিএ/ সিজিপিএ থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না; এবং<br>(গ) সংশ্লিষ্ট বিষয় বা টেকনোলজিতে ন্যূনতম ০৫(পাচঁ) বৎসরের পেশাগত অভিজ্ঞতা যার মধ্যে পলিটেকনিক ইনস্টিটিউট বা সমমানের প্রতিষ্ঠানের লেকচারার বা ইনস্ট্রাক্টর বা ওর্য়াকসপ সুপার পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। | |
| ৫. | ইনস্ট্রাক্টর (টেক) | ৫১০ | ১২০৫ | ২২০০০/- -৫৩০৬০/- (গ্রেড-৯) | সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ<br>মোট পদের শতকরা ৫০ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং ৫০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>পদোন্নতির ক্ষেত্রে:<br>পলিটেকনিক ইনস্টিটিউট/ গ্রাফিক্স আর্টস ইনস্টিটিউট/ গ্লাস অ্যান্ড সিরামিক ইনস্টিটিউট/ সার্ভে ইনস্টিটিউট/ কম্পিউটার ইনস্টিটিউটের সংশ্লিষ্ট টেকনোলজির জুনিয়র ইনষ্ট্রাকটর (টেক) পদে ন্যূনতম ০৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ বিএসসি ইঞ্জিনিয়ারিং বা টেকনিক্যাল এডুকেশনে ৪(চার) বছর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় | ২০২০-২১ অর্থ বছরে ৭১৫টি পদ, ২০২১-২২ অর্থ বছরে ৫০০টি পদ এবং ২০২২-২৩ অর্থ বছরে ৫০০টি পদ সৃজিত হবে। |

| ক্র নং | পদের নাম | ক্যাডার পদ সংখ্যা | নন-ক্যাডার পদ সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ ও গ্রেড | শর্ত/ভিত্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৬. | ওয়ার্কসপ সুপার | - | ৭৪ | ২২০০০/- -৫৩০৬০/- (গ্রেড-৯) | সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ<br>মোট পদের শতকরা ৫০ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং ৫০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>পদোন্নতির ক্ষেত্রে:<br>পলিটেকনিক ইনস্টিটিউট বা সমমান প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট টেকনোলজির জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক) বা সমমানের পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ বিএসসি ইঞ্জিনিয়ারিং বা টেকনিক্যাল এডুকেশনে ৪(চার) বছর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ১ম বিভাগ বা সমমানের সিজিপিএতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রিসহ সংশ্লিষ্ট টেকনোলজিতে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ থেকে ডিপ-ইন-টেক ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(খ) কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। | |
| ৭. | ইনস্ট্রাক্টর (নন-টেক) | ৩০৫ | ৩৬৭ | ২২০০০/- -৫৩০৬০/- (গ্রেড-৯) | সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ<br>মোট পদের শতকরা ৫০ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং ৫০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>পদোন্নতির ক্ষেত্রে:<br>পলিটেকনিক ইনস্টিটিউট/ গ্রাফিক্স আর্টস ইনস্টিটিউট/ গ্লাস অ্যান্ড সিরামিক ইনস্টিটিউট/ সার্ভে ইনস্টিটিউট/ কম্পিউটার ইনস্টিটিউটের সংশ্লিষ্ট টেকনোলজির জুনিয়র ইনষ্ট্রাকটর (নন-টেক)পদে ন্যূনতম ০৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। | ২০২০-২১ অর্থ বছরে ৩৭২টি পদ ও ২০২১-২২ অর্থ বছরে ৩০০টি পদ সৃজিত হবে। |

| ক্র নং | পদের নাম | ক্যাডার পদ সংখ্যা | নন-ক্যাডার পদ সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ ও গ্রেড | শর্ত/ভিত্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৮. | জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক) | - | ১৭১১ | ১৬০০০/- -৩৮৬৪০/- (গ্রেড-১০) | <u>সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ</u><br><u>সরাসরি নিয়োগের মাধ্যমে।</u><br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ন্যূনতম প্রথম বিভাগ বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি (প:পৃ:-১০৭, ক্র:-২৬)। | ২০২০-২১ অর্থ বছরে ৭১১টি পদ, ২০২১-২২ অর্থ বছরে ৫০০টি পদ এবং ২০২২-২৩ অর্থ বছরে ৫০০টি পদ সৃজিত হবে। |
| ৯. | জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেক) | - | ৬৫২ | ১৬০০০/- -৩৮৬৪০/- (গ্রেড-১০) | <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি;<br>এবং<br>(খ) কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। | ২০২০-২১ অর্থ বছরে ৩৫২টি পদ ও ২০২১-২২ অর্থ বছরে ৩০০টি পদ সৃজিত হবে। |
| ১০. | রেজিস্ট্রার | - | ০২ | ২২০০০/- -৫৩০৬০/- (গ্রেড-৯) | <u>সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ</u><br>মোট পদের শতকরা ৫০ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং ৫০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br><br><u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>প্রশাসনিক কর্মকর্তা/সিকিউরিটি অফিসার/ সিনিয়র হিসাব রক্ষক পদে ন্যূনতম ০৭(সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত/ পদার্থ বিজ্ঞান/ রসায়ন/ ইংরেজি/ একাউন্টিং/ ম্যানেজমেন্ট/ বাংলা/ অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/ মনোবিজ্ঞান/ রাষ্ট্রবিজ্ঞান/ ব্যাংকিং/ ফিন্যান্স/ পরিসংখ্যান/ মার্কেটিং বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত/ পদার্থ বিজ্ঞান/ রসায়ন/ ইংরেজি/ একাউন্টিং/ ম্যানেজমেন্ট/ বাংলা/ অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/ মনোবিজ্ঞান/ রাষ্ট্রবিজ্ঞান/ ব্যাংকিং/ ফিন্যান্স/ পরিসংখ্যান/ মার্কেটিং বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি;<br>এবং<br>(খ) কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ | |

| ক্র নং | পদের নাম | ক্যাডার পদ সংখ্যা | নন-ক্যাডার পদ সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ ও গ্রেড | শর্ত/ভিত্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১১. | ফিজিক্যাল ইনস্ট্রাক্টর | - | ১০ | ১৬০০০/- -৩৮৬৪০/- (গ্রেড-১০) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে শারীরিক শিক্ষা বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শারীরিক শিক্ষা বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; বা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রিসহ শারীরিক শিক্ষা বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রিসহ শারীরিক শিক্ষা বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি;<br>এবং<br>(খ) কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। | |
| ১২. | ক্রাফট ইনস্ট্রাক্টর (টিআর/ইএনটি/টেক) | - | ২০২১ | ৯৭০০/- -২৩৪৯০/- (গ্রেড-১৫) | সচিব কর্তৃক সাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ<br>মোট পদের শতকরা ২৫ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৭৫ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br><br>পদোন্নতির ক্ষেত্রে:<br>কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি)বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর (গ্রেড-১৪) পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সিরামিক/গ্লাস প্লান্ট টেকনিশিয়ান/মেকানিক্স (কিলন এন্ড ফার্নেস) পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেডসহ ন্যূনতম এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ ও রসায়ন বিষয়সহ ন্যূনতম ২য় বিভাগ বা সমমানের জিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা থাকতে হবে। | ২০২০-২১ অর্থ বছরে ১০২১টি পদ, ২০২১-২২ অর্থ বছরে ৫০০টি পদ এবং ২০২২-২৩ অর্থ বছরে ৫০০টি পদ সৃজিত হবে। |

| ক্র নং | পদের নাম | ক্যাডার পদ সংখ্যা | নন-ক্যাডার পদ সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ ও গ্রেড | শর্ত/ভিত্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৩. | ক্রাফট ইনস্ট্রাক্টর (টিআর/ল্যাব) | - | ১৬৪ | ৯৭০০/- -২৩৪৯০/- (গ্রেড-১৫) | সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ ল্যাবঃ মোট পদের শতকরা ৪০ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৬০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br><br>পদোন্নতির ক্ষেত্রে:<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি)) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ক্যাশ সরকার (গ্রেড-১৮)/ক্লিনার কাম হেলপার পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম বিজ্ঞান বিভাগে মাধ্যমিক সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১৪. | ক্রাফট ইনস্ট্রাক্টর (সপ) | - | ২০৭৭ | ৯৭০০/- -২৩৪৯০/- (গ্রেড-১৫) | পদোন্নতির ক্ষেত্রে:<br>কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি)) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর (গ্রেড-১৪) পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সিরামিক/গ্লাস প্লান্ট টেকনিশিয়ান/মেকানিক্স (কিলন এন্ড ফার্নেস) পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম বিজ্ঞান বিভগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডসহ ন্যূনতম এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ ও রসায়ন বিষয়সহ ন্যূনতম ২য় বিভাগ বা সমমানের জিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা থাকতে হবে। | ২০২০-২১ অর্থ বছরে ১০৭৭টি পদ, ২০২১-২২ অর্থ বছরে ৫০০টি পদ এবং ২০২২-২৩ অর্থ বছরে ৫০০টি পদ সৃজিত হবে। |
| ১৫. | ল্যাবরেটরী সহকারী (বিজ্ঞান) | - | ১০৩ | ৯৩০০/- -২২৪৯০/- (গ্রেড-১৬) | সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড সার্টিফিকেট সম্পন্ন; অথবা কারিগরি শিক্ষা বোর্ড | |

| ক্র নং | পদের নাম | ক্যাডার পদ সংখ্যা | নন-ক্যাডার পদ সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ ও গ্রেড | শর্ত/ভিত্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | ক্যাশিয়ার | - | ০৫ | ৯৩০০/- -২২৪৯০/- (গ্রেড-১৬) | সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ মোট পদের শতকরা ৫০ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৫০ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি)) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ক্যাশ সরকার (গ্রেড-১৭) পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। অথবা<br>ক্যাশ সরকার (গ্রেড-১৮) পদে ন্যূনতম ০৫(পাচঁ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ বা সমমানের জিপিএসহ উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা থাকতে হবে। | |
| **উপমোট (৪৯টি পলিটেকনিক ইনস্টিটিউট)** | | ১০৬১ | ৮৮৫১ | = ৯৯১২ (নয় হাজার নয়শত বার) | | |

## খ. ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজ

| ক্র নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ ও গ্রেড | শর্ত/ভিত্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | চিফ ইনস্ট্রাক্টর (টেক) | ৩৩৪ | ৩৫৫০০/- -৬৭০১০/- (গ্রেড-৬) | পদোন্নতির মাধ্যমেঃ তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>পদোন্নতির ক্ষেত্রে:<br>টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ বা ভোকেশনাল টিচার্স টেনিং ইনস্টিটিউট(ভিটিটিআই) এর সংশ্লিষ্ট ট্রেডের ইনস্ট্রাক্টর (টেক) পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং/টেকনিক্যাল এডুকেশন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট বিষয় বা টেকনোলজিতে ন্যূনতম ০৫ (পাচঁ) বৎসরের পেশাগত অভিজ্ঞতা যার মধ্যে পলিটেকনিক ইনস্টিটিউট বা সমমানের প্রতিষ্ঠানের লেকচারার বা ইনস্ট্রাকটর বা ওয়ার্কশপ সুপার পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। | ২০২১-২২ অর্থ বছরে ৩৩৪টি পদ সৃজিত হবে। |
| ২. | ইনস্ট্রাক্টর (টেক) | ৩৪৫ | ২২০০০/- -৫৩০৬০/- (গ্রেড-৯) | সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ মোট পদের শতকরা ৫০ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৫০ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>পদোন্নতিরক্ষেত্রে: টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ বা ভোকেশনাল টিচার্স টেনিং ইনস্টিটিউট(ভিটিটিআই) এর সংশ্লিষ্ট ট্রেডের ইনস্ট্রাক্টর (টেক) পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা। | ২০২১-২২ অর্থ বছরে ৩৪৫টি পদ সৃজিত হবে। |

| ক্র নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ ও গ্রেড | শর্ত/ভিত্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ইঞ্জিনিয়ারিং বা টেকনিক্যাল এডুকেশনে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/সিজিপিএ থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। | |
| ৩. | জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক) | ৫৫৩ | ১৬০০০/- -৩৮৬৪০/- (গ্রেড-১০) | পদোন্নতির মাধ্যমে ৫% এবং সরাসরি নিয়োগ ৯৫% তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>পদোন্নতির ক্ষেত্রেঃ জেনারেল মেকানিক পদে ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ন্যূনতম প্রথম বিভাগ বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। | চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে ২৫৩টি পদ ও ২০২১-২২ অর্থ বছরে ৩০০টি পদ সৃজিত হবে। |
| ৪. | ইনস্ট্রাক্টর (বাংলা) | ৯৬ | ২২০০০/- -৫৩০৬০/- (গ্রেড-৯) | সরাসরি নিয়োগের মাধ্যমেঃ<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাংলা বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাংলা বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/ সিজিপিএ থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। | |
| ৫. | ইনস্ট্রাক্টর (ইংরেজী) | ১৪৯ | ২২০০০/- -৫৩০৬০/- (গ্রেড-৯) | সরাসরি নিয়োগের মাধ্যমেঃ<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/ সিজিপিএ থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। | |
| ৬. | ইনস্ট্রাক্টর (গণিত ও বিজ্ঞান) (গণিত, পদার্থ, রসায়ন) | ৩৮০ | ২২০০০/- -৫৩০৬০/- (গ্রেড-৯) | সরাসরি নিয়োগের মাধ্যমেঃ<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত/ ফলিত গণিত/ পদার্থ/ ফলিত পদার্থ/ রসায়ন/ফলিত রসায়ন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গনিত/ফলিত গণিত/পদার্থ/ফলিত পদার্থ/ রসায়ন/ফলিত রসায়ন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক(সম্মান) ডিগ্রি বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ/ সিজিপিএ থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। | |
| ৭. | ধর্ম শিক্ষক (ইসলাম ধর্ম) | ৬১ | ১২৫০০/- -৩০২৩০/- (গ্রেড-১১) | সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি/ইসলাম শিক্ষা বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি/ইসলাম শিক্ষা বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক(সম্মান) ডিগ্রি বা | |

| ক্র নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ ও গ্রেড | শর্ত/ভিত্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | বা সমমানের জিপিএ/ সিজিপিএ থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। | |
| ৮. | উচ্চমান সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০১ | ১০২০০/- -২৪৬৮০/- (গ্রেড-১৪) | সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ মোট পদের শতকরা ৬৬ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৩৪ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>পদোন্নতির ক্ষেত্রে:<br>প্রধান সহকারী (গ্রেড-১৪)/উচ্চমান সহকারী/ হিসাব রক্ষক (গ্রেড-১৪) উচ্চমান সহকারী কাম- একাউনটেন্ট/ইউ,ডি,এ, কাম-একাউনটেন্ট/সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক)কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে ন্যূনতম ২য় বিভাগ বা সমমানের জিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার টাইপিং এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ২৫ শব্দ, ইংরেজি ৩০ শব্দ; এবং<br>(গ) কম্পিউটারে MS Office এ কাজ করিবার দক্ষতা থাকতে হবে। | |
| ৯. | লাইব্রেরীয়ান | ১৬ | ১০২০০/- -২৪৬৮০/- (গ্রেড-১৪) | সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ মোট পদের শতকরা ০৫ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৯৫ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>পদোন্নতির ক্ষেত্রে:<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ এসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ লাইব্রেরিয়ান (গ্রেড-১৪) পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক)কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম ২য় বিভাগ বা সমমানের জিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ লাইব্রেরি সায়েন্সে ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা থাকতে হবে। | |
| ১০ | ক্রাফট ইনস্ট্রাক্টর (সপ) | ৪০৭ | ৯৭০০/- -২৩৪৯০/- (গ্রেড-১৫) | সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ মোট পদের শতকরা ৫০ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৫০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>পদোন্নতির ক্ষেত্রে:<br>(ক)কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক সার্টিফিকেট (এস এসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ০৬ (ছয়) মাসের বাস্তব প্রশিক্ষণ সনদ;<br>(খ) ওয়ার্কসপ স্কিল লেবার/ওয়ার্কসপ বেয়ারের/ ইলেকট্রিশিয়ান/পাম্প অপারেটর (গ্রেড-১৮)/প্লাম্বার/ক্যাশ সরকার (গ্রেড-১৮) পদে ন্যূনতম ০৪ (চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা; অথবা,<br>স্কিল্ডম্যান/ ল্যাবরেটরি বেয়ারার/ পাম্প অপারেটর (গ্রেড-১৯) পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; অথবা,<br>অফিস সহায়ক/বুক সর্টার/স্টোর খালাসী/ওয়ার্কসপ খালাসী/ পরিচ্ছন্নতা কর্মী পদে ন্যূনতম ০৬(ছয়) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(গ) কারিগরি শিক্ষা বোর্ড বা সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেডে ০২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্স পাশ (জাতীয় দক্ষতা মান ৩ এবং ২ উত্তীর্ণ) অথবা NTVQF (Level-১ ও ২), উত্তীর্ণসহ দক্ষতা পরীক্ষায় উত্তীর্ণ।<br>(ঘ) ইলেকট্রিসিটি লাইসেন্সিং বোর্ডের বি-সার্টিফিকেটপ্রাপ্ত। | |

| ক্র নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ ও গ্রেড | শর্ত/ভিত্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক)কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ০২(দুই) বৎসর মেয়াদি ট্রেড সার্টিফিকেট সম্পন্ন; অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেডসহ ন্যূনতম এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ইলেকট্রিসিটি লাইসেন্সিং বোর্ডের বি-সার্টিফিকেটপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১১ | ক্রাফট ইনস্ট্রাক্টর (ল্যাব) | ১৮৩ | ৯৭০০/- -২৩৪৯০/- (গ্রেড-১৫) | <u>সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ</u> মোট পদের শতকরা ৪০ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৬০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br><u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ক্যাশ সরকার (গ্রেড-১৮)/ক্লিনার কাম হেলপার পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক)কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১২ | সহকারী কাম-স্টোরকিপার | ০৯ | ৯৩০০/- -২২৪৯০/- (গ্রেড-১৬) | <u>সচিব কর্তৃক স্বাক্ষরিত খসড়া নিয়োগবিধি অনুযায়ীঃ</u> মোট পদের শতকরা ২৫ ভাগ পদোন্নতির মাধ্যমে এবং শতকরা ৭৫ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br><u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অফিস মেশিন অপারেটর (গ্রেড-১৭) ফটোকপি অপারেটর/ স্কিল্ড বেয়ারার/ ক্রাফট ইনস্ট্রাক্টর (সপ)/ক্রাফট ইনস্ট্রাক্টর (ল্যাব) পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক)কোনো স্বীকৃত বোর্ড হতে ব্যবসায় শিক্ষায় ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি)বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা থাকতে হবে। | |
| ১৩ | অফিস সহায়ক | ১৬১ | ৮২৫০/- -২০০১০/- (গ্রেড-২০) | কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| **উপমোট (৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজ) = ২৬৯৫ (দুই হাজার ছয়শত পঁচানব্বই)** | | | | | |
| **সর্বমোট (৪৯টি পলিটেকনিক ইনস্টিটিউট+ ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজ) ৯৯১২+২৬৯৫=১২৬০৭ (বার হাজার ছয়শত সাত)** | | | | | |

০২। শর্তাদি :

(ক) পদ সংরক্ষণ, স্থায়ীকরণ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ০৯/১২/২০১০ তারিখের ৮২ ও ০৩/০৫/২০০৩ তারিখের ১১১ নং স্মারক এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬/০৩/২০১৪ তারিখের ৬৮ নং স্মারক এর নির্দেশাবলী অনুসরণ করতে হবে;

(খ) উল্লিখিত পদসমূহের ব্যয়ভার কারিগরি শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট খাতে বরাদ্দকৃত অর্থ হতে বহন করা হবে ; এবং

(গ) এ বিষয়ে বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০/১০/২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৫৫.১৫.০০৫.১৭-২১২ নং স্মারক, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় ব্যবস্থাপনা-৩ অধিশাখা এর ২৪/০২/২০২০ তারিখের ০৭.০০.০০০.১৫৩.০১৫.৪৫.১৯-৬৩ নং স্মারক, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-২ অধিশাখা এর ১২/০৭/২০২০ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৩৭.০৯০.২০২০-৭৯ নং স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের ২৬/০৮/২০২০ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০০৯.২০-২১৪ নং স্মারক এর সম্মতিক্রমে এবং সকল বিধি/আনুষ্ঠানিকতা পালনপূর্বক শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(রহিমা আক্তার)
উপসচিব (কারিগরি-১)
ফোনঃ ৯৫৮৪৬৬৬

নং-৫৭.০০.০০০০.০৫১.২৮.০০১.১৯ (অংশ)-৩৪৭

তারিখঃ ১৯ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা এবং সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-এর নিকট পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রেরণের অনুরোধসহ ৩ (তিন) প্রস্থ অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হ'ল।

(রহিমা আক্তার)
উপসচিব (কারিগরি-১)
ফোনঃ ৯৫৮৪৬৬৬

নং

তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা এবং সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা এর নিকট পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রেরণ করা হ'ল। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

যুগ্ম সচিব (ব্য:ব্য:-৩)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নং-৫৭.০০.০০০০.০৫১.২৮.০০১.১৯ (অংশ)-

তারিখঃ ১৪২৭ বঙ্গাব্দ
২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৫। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
০৮। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সরকারি আদেশটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(রহিমা আক্তার)
উপসচিব (কারিগরি-১)
ফোনঃ ৯৫৮৪৬৬৬